

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৫১.০২৫.১৪-৪০৭ হতে ৪৭০

তারিখঃ-২৩/১০/২০১৭ খ্রিঃ।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৫১.০২৫.১৪-৪০৭ হতে ৪৭০

আপনি নিশ্চয়ই অবহিত আছেন যে, যুব উন্নয়ন অধিদপ্তর কর্মপ্রত্যাশী যুবদের স্বল্প ও দীর্ঘ মেয়াদী বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানবসম্পদে রূপান্তরের কাজে নিয়োজিত রয়েছে। প্রতি বছর সারাদেশে প্রায় ৩.০ লক্ষ যুবক ও যুবনারীকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণপ্রাপ্ত বিষয়ে একটি আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প সৃজনে পুঁজি বিনিয়োগের গুরুত্ব অপরিহার্য। প্রশিক্ষিত যুবদের পুঁজি সরবরাহের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের নিজস্ব ঋণ কর্মসূচি থাকলেও তার মাধ্যমে প্রতি বছর প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের মাত্র ১০-১২ ভাগ যুবকে ঋণ সুবিধা প্রদান করা সম্ভব হয়। বাকীদের সিংহভাগই পুঁজির অভাবে আত্মকর্মসংস্থানে নিয়োজিত হতে পারে না, ফলে প্রশিক্ষণের উদ্দেশ্য অনেকাংশেই ব্যাহত হওয়ার আশংকা থেকে যায়। আপনি অনুধাবন করবেন যে, যুব উন্নয়ন অধিদপ্তরের মত একক প্রতিষ্ঠানের পক্ষে এ বিশাল সংখ্যক যুব'র আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প স্থাপনের জন্য কাঙ্ক্ষিত পুঁজি সরবরাহ করা প্রায় অসম্ভব। এ লক্ষ্যে কর্মসংস্থান ব্যাংক যুবদের পুঁজি সরবরাহে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এছাড়াও অধিক সংখ্যক যুবদের পুঁজির সমর্থন যোগাতে জনতা ব্যাংকের সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলেও এখনও উল্লেখযোগ্য অগ্রগতি নেই।

আপনার সভাপতিত্বে গঠিত জেলা কৃষি ঋণ কমিটির মাসিক সভায় জেলার সকল সরকারী/বেসরকারী ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের উর্দ্ধতন কর্মকর্তা এবং সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত থাকেন এবং স্ব স্ব সেক্টরে ঋণ প্রবাহ বাড়ানোর বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ে থাকে। উক্ত কমিটিতে (জেলা কৃষি ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালককে কো-অপট সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করে প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প সৃজন ও সম্প্রসারণের জন্য প্রতিটি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে ক্ষুদ্র ও মাঝারী অংকের ঋণ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হতে পারে।

এমতাবস্থায় আপনার জেলার কৃষি ঋণ কমিটিতে যুব উন্নয়ন অধিদপ্তর এর উপ-পরিচালককে কো-অপট সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণ এবং কর্মপ্রত্যাশী প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থান সৃজনে পুঁজি সরবরাহে নতুন নতুন উৎসকে সম্পৃক্ত করার ক্ষেত্রে আপনার সক্রিয় সহযোগিতা বিশেষভাবে কামনা করছি।

স্বাক্ষরিত/-

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোনঃ ৯৫৫৯৩৮৯

E-mail-dgdydhq@gmail.com

জেলা প্রশাসক

.....(সকল)জেলা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৫১.০২৫.১৪- ৪৭৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। পরিচালক/প্রকল্প পরিচালক.....(সকল) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর.....(সকল) জেলাকে জেলা প্রশাসক বরাবর প্রেরিত ডি.ও পত্রের আলোকে স্ব-স্ব জেলার জেলা প্রশাসক মহোদয়ের সাথে যোগাযোগ স্থাপনপূর্বক কমিটিতে তাঁর অন্তর্ভুক্তিসহ পরবর্তী সভা হতে জেলায় সেবাদানকারী সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে সম্ভাবনাময়ী প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থানে পুঁজি আহরণে(পূর্ব পরিকল্পনা মাফিক) কার্যকরী উদ্যোগ গ্রহণ ও ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদনে তার প্রতিফলন ঘটাতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।

০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫। অফিস কপি।

২৩/১০/১৭

(ফরিদা ইয়াসমিন)

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখা

ফোনঃ ৯৫৫৩৩২৩।